

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৯০৮

৭/ যাকাত ও সাদকা

পরিচ্ছেদঃ যাকাতের অপরিহার্যতা এবং তার ফ্যীলত

## আরবী

وَعَن طَلْحَةَ بِنِ عُبَيدِ اللهِ قَالَ : جَاءَ رَجُلُ إِلَى رَسُولِ اللهِ عَلَيْ مِنْ أَهْلِ نَجْدٍ تَائِرُ الرَّأُسِ نَسْمَعُ دَوِيَّ صَوْتِهِ وَلاَ نَفْقَهُ مَا يَقُولُ حَتَّى دَنَا مِنْ رَسُولِ اللهِ عَلَيْ فَإِذَا هُوَ يَسَأَلُ عَن الْإِسْلاَمِ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ خَمْسُ صَلَواتٍ في اليَوْمِ وَاللَّيْلَةِ قَالَ : هَلْ عَلَيَّ غَيْرُهُنَ ؟ الْإِسْلاَمِ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ فَيْلُ وَصِيامُ شَهْرِ رَمَضَانَ قَالَ : هَلْ عَلَيَّ غَيْرُهُ ؟ قَالَ لاَ إِلاَّ أَنْ تَطَّوَّعَ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ فَوَلُ اللهِ عَلَيْ الزَّكَاةَ فَقَالَ : هَلْ عَلَيَّ غَيْرُهُ ؟ قَالَ لاَ إِلاَّ أَنْ تَطَوَّعَ قَالَ : هَلْ عَلَيَ غَيْرُهُ ؟ قَالَ لاَ إِلاَّ أَنْ تَطَوَّعَ قَالَ : هَلْ عَلَيَ غَيْرُهُ ؟ قَالَ لاَ إِلاَّ أَنْ تَطَوَّعَ قَالَ : هَلْ عَلَيَ غَيْرُهُ ؟ قَالَ لاَ إِلاَّ أَنْ تَطَوَّعَ قَالَ : هَلْ عَلَيَ غَيْرُهُ ؟ قَالَ لاَ إِلاَّ أَنْ تَطَوَّعَ قَالَ : هَلْ عَلَيَ غَيْرُهُ ؟ وَلَكُ لَلهُ وَهُو يَقُولُ اللهِ عَلَيْ الزَّكَاةَ فَقَالَ : هَلْ عَلَيَ غَيْرُهُ وَهُو يَقُولُ : وَاللهِ لاَ أَزِيدُ عَلَى هَذَا وَلاَ أَنْقُصُ مِنْهُ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ أَنْ تَطَوَّعَ فَأَدْبَرَ الرَّجُلُ وَهُو يَقُولُ : وَاللهِ لاَ أَزِيدُ عَلَى هَذَا وَلاَ أَنْقُصُ مِنْهُ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْهِ أَفْلَحَ إِنْ صَدَقَ مَتَفَقً عَلَيْهِ

## বাংলা

(৯০৮) ত্বালহা ইবনে উবাইদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন নাজদ (রিয়ায এলাকার) অধিবাসীদের একজন আলুলায়িত কেশী রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হল। আমরা তার ভনভন্ শব্দ শুনছিলাম, আর তার কথাও বুঝতে পারছিলাম না। শেষ পর্যন্ত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আসল এবং (তখন বুঝলাম,) সে ইসলাম সম্পর্কে প্রশ্ন করছে। (উত্তরে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, (ইসলাম হল,) দিবা-রাত্রিতে পাঁচ অক্তের নামায (প্রতিষ্ঠা করা)। সে বলল, তা ছাড়া আমার উপর অন্য নামায আছে কি? তিনি বললেন, না, কিন্তু যা কিছু তুমি নফল হিসাবে পড়বে।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আবার বললেন, এবং রমযান মাসের রোযা। লোকটি বলল, তা ছাড়া আমার উপর অন্য রোযা আছে কি? তিনি বললেন, না, তবে তুমি যা নফল হিসাবে করবে। বর্ণনাকারী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ অালাইহি ওয়াসাল্লাম তাকে যাকাতের কথা বললেন। সে বলল, তাছাড়া আমার উপর অন্য দান আছে কি? তিনি বললেন, না, তবে তুমি যা নফল হিসাবে করবে। তারপর লোকটি পিঠ ফিরিয়ে এ কথা বলতে বলতে যেতে লাগল, আল্লাহর কসম! আমি এর চাইতে বেশী কিছু করব না এবং এর চেয়ে কমও করব না। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, লোকটি সত্য বলে থাকলে পরিত্রাণ পেয়ে গেল।



## ফুটনোট

(বুখারী ৪৬, ২৬৭৮, মুসলিম ১০৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ তালহা ইবনু উবায়দুল্লাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন